**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**
**সরকারি পরিবহন পুল ভবন**
**সচিবালয় লিংক রোড, ঢাকা।**

নং-১০.০০.০০০০.১৩১.১১.০৪৫.৮৭-১১৫

তারিখ : ২২ আশ্বিন ১৪৩২ / ০৭ অক্টোবর ২০২৫

**বিষয় : যশোর জেলার মণিরামপুর উপজেলার ০৩ নং ভোজগাতী ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মুহাঃ মুহসীন উদ্দীন এর নামীয় নিকাহ রেজিস্ট্রি লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মণিরামপুর উপজেলার ০৩ নং ভোজগাতী ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মুহাঃ মুহসীন উদ্দীন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে তার অধিক্ষেত্র থেকে অনুপস্থিত থেকে মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১৭(৫) লঙ্ঘন করায় এবং তা উক্ত বিধিমালার বিধি ১১ অনুযায়ী অসদাচরণের সামিল হওয়ায়, তদন্তে বিষয়টি প্রমাণিত হওয়ায় এবং অভিযুক্ত নিকাহ্ রেজিস্ট্রার কর্তৃক প্রেরিত লিখিত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় তার নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

২। (ক) উক্ত শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মুহাঃ মুহসিন উদ্দীন এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, যশোর-কে নির্দেশ প্রদান করা হলো।

(খ) সেই সাথে, শূন্যঘোষিত উক্ত অধিক্ষেত্র বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাব-রেজিস্ট্রার, মণিরামপুর-কে নির্দেশ প্রদান করা হলো।

স্বা.

(মোঃ আব্বাস উদ্দীন)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮
ইমেইল: section7@lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১৩১.১১.০৪৫.৮৭-১১৫ (৭)

তারিখ : ২২ আশ্বিন ১৪৩২ / ০৭ অক্টোবর ২০২৫

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৪. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৬. জেলা রেজিস্ট্রার, যশোর।
৭. সাব-রেজিস্ট্রার, মণিরামপুর, যশোর।
৮. জনাব মুহাঃ মুহসীন উদ্দীন, সাবেক নিকাহ রেজিস্ট্রার, ০৩ নং ভোজগাতী ইউনিয়ন, মণিরামপুর, যশোর।
৯. অফিস কপি/গার্ড ফাইল।

০৭/১০/২৫

(মোঃ আব্বাস উদ্দীন)
সিনিয়র সহকারী সচিব